যুগান্তর

তারিখ AUG 24 2006
পৃষ্ঠা কলাম

# প্যাটার্নবহির্ভূত শিক্ষকদের এমপিওভুক্ত করা হবে না

● শিক্ষা মন্ত্রণালয়ের সভায় সিদ্ধান্ত

যুগান্তর রিপোর্ট

প্যাটার্ন বহির্ভূত শিক্ষকদের এমপিওভুক্ত করা হবে না। একইসঙ্গে দু'টি ইনডেক্সধারী শিক্ষকদের একটি ইনডেক্স ব্যবহার করতে হবে। দু'টি ব্যবহার করলে আগের ইনডেক্স বাতিল বলে গণ্য করা হবে।

বুধবার শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক সভায় সভাপতিত্ব করেন। সভার সিদ্ধান্ত অনুযায়ী, কোন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ দিতে চাইলে বিজ্ঞপ্তি প্রকাশের আগে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক বা আঞ্চলিক অফিসের পূর্বানুমতি প্রয়োজন হবে। প্যাটার্ন অনুযায়ী যোগ্যতা নির্ধারণ হবে। অন্যথায় সরকার অর্থ যোগান দেবে না। শর্তসাপেক্ষে স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান শর্ত পালন করছে কিনা মনিটরিংয়ের মাধ্যমে তদারকি করা হবে। শর্ত পূরণ না করলে স্বীকৃতি বাতিল করা হবে। ৩০ শতাংশ মহিলা কোটা সংরক্ষণ করা হবে। তবে প্রধান তিনটি পদ পূরণে মহিলা কোটা কোন বাধার সৃষ্টি করলে সে ক্ষেত্রে মহিলা কোটা শিথিলযোগ্য।